“দুনিয়া ভোগ্যপণ্য এবং দুনিয়ার উত্তম উপভোগ্য উপকরণ হল পুণ্যবতী নারী।”

আব্দুল্লাহ ইবনু ‘আমর ইবনুল ‘আস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “দুনিয়া ভোগ্যপণ্য এবং
দুনিয়ার উত্তম উপভোগ্য উপকরণ হল পুণ্যবতী নারী।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে সংবাদ দিয়েছেন, দুনিয়া ও এর মধ্যকার যা কিছু আছে সবই কিছু সময়ের জন্য উপভোগের উপকরণ, তারপর তা ধ্বংস হয়ে যাবে। তবে দুনিয়ার সবচেয়ে উত্তম উপভোগ্য উপকরণ হলো পুণ্যবতী নারী, যার দিকে তাকালে তাকে সে খুশি করে, কোন আদেশ করলে তা পালন করে এবং অনুপস্থিত থাকলে সে তার জান মালের সংরক্ষণ করে।

https://sunnah.global/hadeeth/bn/show/5794